# বাংলাদেশ জাতীয় জাদুঘরে বাস্তবায়িত ডিজিটাল সেবাসমূহের তথ্য

| ক্রমিক | সেবা সহজিকরণ | কার্যক্রম | ফলাফল/মন্তব্য | লিংক (প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|---|---|
| ১. | ন্যাশনাল ওয়েবপোর্টালের আওতায় ওয়েবসাইট তৈরি | জাতীয় জাদুঘরের ওয়েবসাইটে সংশ্লিষ্ট যাবতীয় তথ্যসহ টেন্ডার, অনুষ্ঠান, নোটিশ, খবর, সেবা, ইনোভেশন, এপিএ, শুদ্ধাচার ইত্যাদি তথ্য প্রতিনিয়ত সন্নিবেশ করা হচ্ছে। | ওয়েবসাইটের মাধ্যমে জাতীয় জাদুঘরের যাবতীয় তথ্য প্রচারের মাধ্যমে জনগণকে অবহিত করা সম্ভব হচ্ছে। | http://www.bangladeshmuseum.gov.bd |
| ২. | অনলাইন টিকেটিং | বাংলাদেশ জাতীয় জাদুঘরে প্রবেশের জন্য দর্শকদের অনলাইনে টিকেট ক্রয়ের ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। | বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারি পরিদর্শনেচ্ছুকগণ জাদুঘরের টিকেট কাউন্টারে না এসেও অনলাইনে প্রবেশ টিকেট সংগ্রহ করতে পারছেন। | http://nationalmuseumticket.gov.bd |
| ৩. | বাংলাদেশ জাতীয় জাদুঘর ভার্চুয়াল গ্যালারি | অনলাইন ভিত্তিক বাংলাদেশ জাতীয় জাদুঘরের ভার্চুয়াল গ্যালারি প্রবর্তন করা হয়েছে। | দেশ-বিদেশের দর্শকগণ ইন্টারনেটের মাধ্যমে বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারিসমূহ পরিদর্শন করতে পারছে। | http://vt.bnm.org.bd |
| ৪. | অনলাইন লাইব্রেরি ক্যাটালগ তৈরি | বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্রন্থাগার শাখায় সংরক্ষিত প্রায় ৩৫ হাজার গ্রন্থের ক্যাটালগ ডাটাবেস তৈরি করা হয়েছে। | আগ্রহী পাঠকগণ অনলাইনে জাতীয় জাদুঘরে সংরক্ষিত গ্রন্থতালিকা দেখতে পারছেন। | - |
| ৫. | গ্যালারিতে ডিজিটাল কম্পোনেন্ট সংস্থাপন | বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারিগুলোতে নিদর্শনের পাশাপাশি ডিজিটাল কম্পোনেন্ট সংস্থাপন করা হয়েছে। এর মাধ্যমে নিদর্শনসংশ্লিষ্ট তথ্য ও পরিপ্রেক্ষিত অনুধাবনের জন্য ঐ নিদর্শনের Audio-Visual ডকুমেন্টারি প্রদর্শনের ব্যবস্থা | গ্যালারি পরিদর্শনকারীগণ কারও সাহায্য ছাড়াই এই ব্যবস্থার ফলে নিদর্শনের ঐতিহাসিক গুরুত্ব, তাৎপর্য ও পরিপ্রেক্ষিত উপলব্ধি করতে সক্ষম হচ্ছেন। | - |

| ক্রমিক | সেবা সহজিকরণ | কার্যক্রম | ফলাফল/মন্তব্য | লিংক (প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে। | | |
| ৬. | কমন শেয়ার ফোল্ডার তৈরি | অভ্যন্তরীণভাবে ডিজিটাল পদ্ধতিতে ডকুমেন্ট আদান-প্রদানের জন্য কমন শেয়ার ফোল্ডার তৈরি করা হয়েছে। | অভ্যন্তরীণ প্রয়োজনীয় ডিজিটাল তথ্য সহজে এবং নিরাপদে আদান-প্রদানের মাধ্যমে দ্রুত দাপ্তরিক কাজ সম্পন্ন করা সম্ভব হচ্ছে। এতে কাগজের ব্যবহার হ্রাস পেয়েছে। | - |
| ৭. | ডিরেক্টরি টাচস্ক্রিন কিয়স্ক সংস্থাপন | গ্যালারি পরিদর্শনের পূর্বে জাদুঘরের প্রধান লবিতে ইন্টারনেট ব্যবস্থাসহ সংস্থাপিত টাচস্ক্রিন কিয়স্ক ব্যবহার করে গ্যালারিসমূহ সম্পর্কে ধারণা লাভকরণের ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। | কারো সাহায্য ছাড়া গ্যালারি পরিদর্শনে ইচ্ছুকগণ এই কিয়স্কের মাধ্যমে ভার্চুয়াল গ্যালারি দেখতে পারেন। সে মোতাবেক কোন কোন গ্যালারিতে কী নিদর্শন আছে তা জানতে পারবেন। এছাড়া বাংলাদেশ জাতীয় জাদুঘরের ওয়েবসাইটের তথ্য জানতে পারবেন। | - |
| ৮. | কমেন্টস কিয়স্ক | জাদুঘর পরিদর্শনকারীদের অভিযোগ /মন্তব্য প্রদানের সুবিধার্থে জাদুঘরের লবিতে কমেন্টস কিয়স্ক স্থাপন করা হয়েছে। | জাদুঘর পরিদর্শনকারীগণ এই কিয়স্ক ব্যবহার করে অভিযোগ/মন্তব্যে লিখতে পারবেন। | - |
| ৯. | সাউন্ড কিয়স্ক | বাংলাদেশের জাতীয় সংগীত, মহান স্বাধীনতা যুদ্ধকালীন মুক্তিযোদ্ধাদের অনুপ্রেরণামূলক দেশাত্ববোধক গান জাদুঘরে আগত দর্শকদের শোনানোর জন্য সাউন্ড কিয়স্ক-এর ব্যবস্থা করা হয়েছে। | কালজয়ী এসব গান শ্রবণের ফলে দর্শকদের মধ্যে দেশপ্রেমের সঞ্চারসহ মহান মুক্তিযুদ্ধের ইতিহাস জানতে আগ্রহ সৃষ্টি হচ্ছে। | - |
| ১০. | ই-মেইলে আমন্ত্রণপত্র প্রেরণ | বাংলাদেশ জাতীয় জাদুঘরের অনুষ্ঠানের আমন্ত্রণপত্র জাদুঘরের নিজস্ব ডোমেইন ইমেইল ব্যবহার করে | ফলে সময়, অর্থ ও শ্রমের সাশ্রয়সহ অতিথিদের দ্রুত আমন্ত্রণপত্র প্রাপ্তির বিষয়টাও নিশ্চিত করা সম্ভব হচ্ছে। | - |

| ক্রমিক | সেবা সহজিকরণ | কার্যক্রম | ফলাফল/মন্তব্য | লিংক (প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|---|---|
| | | আমন্ত্রিত অতিথিদের নিকট পৌঁছে দেবার ব্যবস্থা করা হয়েছে। | | |
| ১১. | এস.এম.এস সার্ভিস | বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়োগ সংক্রান্ত তথ্য, অনুষ্ঠানের তথ্য sms এর মাধ্যমে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ফলে বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিজস্ব সকল অনুষ্ঠানের তথ্য স্বল্প খরচে sms প্রেরণের মাধ্যমে কাঙ্ক্ষিত ব্যক্তিবর্গের নিকট দ্রুত পৌঁছে দেয়া সম্ভব হচ্ছে। | - |
| ১২. | অনলাইন ভিত্তিক নিয়োগের আবেদন | অনলাইন ভিত্তিক নিয়োগ আবেদন প্রক্রিয়া ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। | টেলিটক ব্যবস্থাপনা জাতীয় জাদুঘরের নিয়োগ আবেদন গ্রহণের মাধ্যমে সেবা প্রক্রিয়া সহজীকরণ করা হয়েছে। চাকুরি প্রার্থিগণ জাদুঘরে না এসেও ঘরে বসে অনলাইনে স্বচ্ছতার সাথে চাকুরির আবেদন করতে পারছেন। | - |
| ১৩. | শাখা জাদুঘরের ওয়েবসাইট তৈরি | বাংলাদেশ জাতীয় জাদুঘরের নিয়ন্ত্রণাধীন শাখা জাদুঘরসমূহের ওয়েবসাইট তৈরি কর হয়েছে। | সংশ্লিষ্ট জাদুঘরের তথ্য ওয়েবসাইটের মাধ্যমে জানা সম্ভব হচ্ছে। | https://www.ahsanmanzil.org.bd , http://jamc.mymensingh.gov.bd, https://ziamuseum.org.bd/site, www.osmanimuseum.org.bd, www.kabijasimuddin.org.bd, www.kangalharinath.org.bd, https://www.independencemuseumticket.gov.bd/ |
| ১৪. | সোশাল মিডিয়ার ব্যবহার | ফেসবুক ও টুইটার এ্যাকাউন্ট তৈরি করে বাংলাদেশ জাতীয় জাদুঘরে অনুষ্ঠিত সকল অনুষ্ঠানের তথ্যসহ ছবি ও ভিডিও, কিউরেটোরিয়াল কর্ণারে তথ্য আপলোডের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া ফেসবুকে লাইভ অনুষ্ঠান তাৎক্ষণিক প্রচার করা সম্ভব হচ্ছে। | জাতীয় জাদুঘরের ফেসবুক ও টুইটারে বন্ধুতালিকাভুক্ত সকলে বাংলাদেশ জাতীয় জাদুঘরে অনুষ্ঠিত সকল অনুষ্ঠানের তথ্যসহ আপলোডকৃত ছবি ও ভিডিও ও লাইভ অনুষ্ঠান দেখতে পারছেন। কিউরেটোরিয়াল কর্নারের মাধ্যমে বিশেষ বিশেষ নিদর্শনের তথ্য সম্পর্কে জানতে পারছেন। | https://www.facebook. com/bnmbd , https://twitter.com/bnm |
| ১৫. | ইউটিউব চ্যানেল | বাংলাদেশ জাতীয় জাদুঘরের লাইভ অনুষ্ঠান তাৎক্ষণিকভাবে দেশ-বিদেশ থেকে সরাসরি দেখার সুযোগ সৃষ্টি হবে ও | দেশ-বিদেশের দর্শক জাদুঘরে না এসেও গুরুত্বপূর্ণ অনুষ্ঠান ইউটিউব চ্যানেলের মাধ্যমে উপভোগ করতে পারছেন। | Channel- Bangladesh National Museum https://www.youtube.com/channel/UCpAQ_ZxMQtRu০yhgYwztPJg |

| ক্রমিক | সেবা সহজিকরণ | কার্যক্রম | ফলাফল/মন্তব্য | লিংক (প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|---|---|
| | | সেবার মান বাড়বে। | | |
| ১৬. | শিক্ষাপ্রতিষ্ঠানের অনলাইন আবেদন | বাংলাদেশ জাতীয় জাদুঘরের গ্যালারি পরিদর্শনের জন্য অনলাইনে আবেদন প্রক্রিয়া প্রবর্তন করা হয়েছে। | শিক্ষার্থীদের জন্য শিক্ষাপ্রতিষ্ঠান কর্তৃক গ্রুপ ভিজিট সেবা গ্রহণের জন্য অনলাইনে আবেদনের ফলে সময়, অর্থ ও শ্রম হ্রাসে সহায়ক হয়েছে। | - |
| ১৭. | ডিজিটাল হাজিরা | বাংলাদেশ জাতীয় জাদুঘরের কর্মকর্তা-কর্মচারীদের ডিজিটাল হাজিরা প্রবর্তন করা হয়েছে। | অফিসে উপস্থিতির সঠিক সময় নিশ্চিত করা সম্ভব হয়েছে। | - |
| ১৮. | ডিজিটাল বিলবোর্ড | বাংলাদেশ জাতীয় জাদুঘরের কার্যক্রম জনসাধারণের কাছে তুলে ধরার জন্য ডিজিটাল বিলবোর্ড স্থাপন করা হয়েছে। | জাতীয় জাদুঘরের কার্যক্রমের চিত্র জনগণ সহজেই অবগত হওয়ার সুযোগ পাচ্ছেন। | - |
| ১৯. | অবজেক্ট স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম | বাংলাদেশ জাতীয় জাদুঘরের সকল কিউরেটরিয়াল বিভাগের নিদর্শনসমূহের সঠিক হিসাব নিশ্চিতকরণের লক্ষ্যে অবজেক্ট স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন করা হয়েছে। | কোন কিউরেটরিয়াল বিভাগের কতটি নির্দশন স্টোরে সংরক্ষিত আছে তার হিসেব সহজেই জানা সম্ভব হচ্ছে। | **Object Store Management System** https://nm.mojargames.xyz/login |

গাজী মো. ওয়ালি-উল-হক
সচিব (যুগ্মসচিব)
ও
সভাপতি
বাংলাদেশ জাতীয় জাদুঘর ইনোভেশন টিম